

সংবাদ বিজ্ঞপ্তি

## নোবিপ্রবির সঙ্গে ইবনে সিনা ট্রাস্টের সমরোতা স্মারক স্বাক্ষর

নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (নোবিপ্রবি) সঙ্গে ইবনে সিনা ট্রাস্টের সমরোতা স্মারক (MoU) স্বাক্ষরিত হয়েছে। আজ মঙ্গলবার (২৫ ফেব্রুয়ারি ২০২৫) উপাচার্যের কার্যালয়ে এ উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইল। এতে নোবিপ্রবির পক্ষে স্বাক্ষর করেন রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত) মোহাম্মদ তামজীদ হোচাইন চৌধুরী। অন্যদিকে ইবনে সিনা ট্রাস্টের পক্ষে স্বাক্ষর করেন প্রতিষ্ঠানের এজিএম ও হেড অব বিজনেস ডেভেলপমেন্ট মোহাম্মদ নিয়াজ মাখদুম শিবলী।

অনুষ্ঠানে সংক্ষিপ্ত বক্তৃতায় উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইল বলেন, এ এমওইউর মাধ্যমে নোবিপ্রবি এবং ইবনে সিনা ট্রাস্টের একটি পারস্পরিক বোৰাপড়া গড়ে উঠবে যা উভয় প্রতিষ্ঠানকে এগিয়ে যেতে সহায়তা করবে। একই সঙ্গে গবেষণা ক্ষেত্রে নোবিপ্রবি এবং ইবনে সিনা ট্রাস্ট যুগ্মে কাজ করলে আমরা তা স্বাগত জানাবো। আমাদের বিশ্ববিদ্যালয়ের যে টেকনিক্যাল স্টাফরা রয়েছেন তাদের কোনো সাপোর্ট এবং এক্সপার্টিজ নলেজ যদি আপনাদের প্রয়োজন হয়, তার মাধ্যমে উভয় প্রতিষ্ঠানই উপকৃত হবে। আমাদের শিক্ষার্থীরাও বাস্তব এবং প্রায়োগিক ক্ষেত্রে এর মাধ্যমে কাজ করার সুযোগ পাবে। সমরোতার সঙ্গে সংশ্লিষ্ট সবাইকে ধন্যবাদ এবং এর সাফল্য কামনা করছি।

ইবনে সিনা ট্রাস্টের এজিএম ও হেড অব বিজনেস ডেভেলপমেন্ট মোহাম্মদ নিয়াজ মাখদুম শিবলী বলেন, উক্ত এমওইউর আওতায় বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, শিক্ষার্থী, কর্মকর্তা, কর্মচারীদের জন্য ইবনে সিনা, নোয়াখালীর ব্রাহ্মসমূহ থেকে সকল প্যাথলজিক্যাল টেস্টে ৪০ শতাংশ এবং অন্যান্য ব্রাহ্ম থেকে ৩৫ শতাংশ পর্যন্ত ছাড় প্রদান করা হবে। এছাড়াও পিসিআর টেস্টের ক্ষেত্রে সকল ব্রাহ্মে ৩৫ শতাংশ, সকল ধরনের রেডিওলজিক্যাল এবং ইমেজিং টেস্টের ক্ষেত্রে ৩০ শতাংশ ছাড় প্রদান করা হবে। এছাড়াও প্রত্যেক ফিজিওথেরাপি সার্ভিসের ক্ষেত্রে ১০ শতাংশ ছাড় প্রদান করা হবে। এ চুক্তির আওতায় নোবিপ্রবির শিক্ষক, শিক্ষার্থী, কর্মকর্তা, কর্মচারী এবং তাদের পরিবারের সদস্যবৃন্দ অগ্রাধিকার ভিত্তিতে অন্তর্ভুক্ত থাকবেন।

অনুষ্ঠানে আরও বক্তব্য দেন বিশ্ববিদ্যালয়ের উপ-উপাচার্য অধ্যাপক ড. মোহাম্মদ রেজওয়ানুল হক, কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মোহাম্মদ হানিফ, শহিদ মুঞ্জ মেডিকেল সেন্টারের চিফ মেডিকেল অফিসার (প্রশাসন) ড. মোহাম্মদ মফিজুল ইসলাম। এসময় উপস্থিত ছিলেন ইবনে সিনা হসপিটাল এন্ড ডায়াগনস্টিক সেন্টার, নোয়াখালী ব্রাথের ম্যানেজার (অ্যাডমিন) ও ইনচার্জ এ. এস. এম গোলাম মোর্তুজা, সিনিয়র অ্যাসিস্টেন্ট ম্যানেজার (অ্যাডমিন) জালাল আহমেদ পাটোয়ারি ও জোনাল ইনচার্জ (বিজনেস ডেভেলপমেন্ট) জনাব সায়েদ মোঃ আব্দুল হাকিম।



ইফতেখার হোসাইন

সহকারী পরিচালক (তথ্য ও জনসংযোগ)

মোবাইল: ০১৭৩৩৯৯৮৮৯৪